**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 13.07.2024** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যের চারটি বিধানসভা আসনের উপনির্বাচনে তৃণমূল কংগ্রেস সবকটিতেই জয়ী হয়েছে।

২) মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বলেছেন, পয়লা জুলাই চালু হওয়া নতুন ফৌজদারি আইনের ওপর আলোচনার জন্য বিধানসভার আগামী অধিবেশনে একটি প্রস্তাব আনা হবে।

৩) রাজ্য সরকার দক্ষিণবঙ্গে বৃষ্টিপাতের ঘাটতির জন্য জলসেচের সঙ্কট নিয়ে পর্যালোচনা করতে আগামী ২২ শে জুলাই বিশেষ বৈঠক ডেকেছে।

৪) ইসলামপুরে গুলিবিদ্ধ হয়ে এক তৃণমূল নেতার মৃত্যুকে ঘিরে চাঞ্চল্য।

৫) উত্তর কলকাতায় এক প্রোমোটারকে মারধর করা ও টাকা লুঠের ঘটনায় ধৃত দুষ্কৃতী।

৬) চলতি মরশুমের প্রথম ডার্বিতে ইস্টবেঙ্গল গতকাল মোহনবাগান সুপার জায়ান্টকে ২-১ গোলে পরাস্ত করেছে।

---

রাজ্যের চারটি বিধানসভা আসনের উপনির্বাচনে ক্ষমতাসীন তৃণমূল কংগ্রেস চারটিতেই বিপুল ব্যবধানে জয়ী হয়েছে। রায়গঞ্জ, বাগদা এবং রানাঘাট দক্ষিণ এই তিনটি কেন্দ্র তৃণমূল কংগ্রেস, বিজেপির কাছ থেকে ছিনিয়ে নিয়েছে। সদ্য লোকসভা নির্বাচনেও এই তিনটি বিধানসভা খন্ডেই বিজেপি এগিয়ে ছিল।

কলকাতার মানিকতলা বিধানসভা কেন্দ্র আগে থেকেই তৃণমূল কংগ্রেসের দখলে ছিল। এই চার কেন্দ্রের উপনির্বাচনে আজ ভোট গণনা করা হয়। উপনির্বাচনের ফলাফল নিয়ে আমাদের সংবাদদাতার একটি প্রতিবেদন,

ভয়েসকাস্ট অভিরূপ

সাত রাজ্যের ১৩টি বিধানসভা আসনের উপনির্বাচনে মাত্র ২টি আসনে জয়ী হয়েছে বিজেপি। ১০ টি আসনে জয়ী হয়েছেন ইন্ডি জোটের প্রার্থীরা। একটি গেছে নির্দল প্রার্থীর দখলে।

-----------------------

উপনির্বাচনে ফলাফল নিয়ে তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জয়ী প্রার্থীদের শুভেচ্ছা জানিয়ে বলেছেন, এই জয় তাদের সামাজিক দায়বদ্ধতাকে আরও বাড়িয়ে দিয়েছে। এজেন্সি দিয়ে মানুষকে ভয় দেখানো হলেও সেটা তারা রুখে দিয়েছেন বলে তিনি মন্তব্য করেন।

আগামী ২১ শে জুলাই শহীদদের স্মৃতির উদ্দেশে এই জয় উৎসর্গ করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান।

পয়লা জুলাই চালু হওয়া নতুন ফৌজদারি আইনের ওপর আলোচনার জন্য বিধানসভার আগামী অধিবেশনে একটি প্রস্তাব আনা হবে বলে তিনি জানিয়েছেন। পাশাপাশি এই আইন পর্যালোচনার দাবিও তুলেছেন তিনি।

মুখ্যমন্ত্রী বলেন, অনেকের কাছেই নতুন আইন সম্পর্কে ধারণা স্পষ্ট নয়।

--------------------------

বিজেপি রাজ্যে চার বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে পরাজয়ের কারণ পর্যালোচনা করবে বলে দলের রাজ্য মুখপাত্র, রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য জানিয়েছেন। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে তিনি দলের পরাজয়ের জন্য হিসাবে সাংগঠনিক দুর্বলতাকে অন্যতম কারণ হিসাবে উল্লেখ করেন। তবে, মানুষকে ভোট দিতে বাধা দেওয়া, সন্ত্রাস এবং বারবার নির্বাচন কমিশনকে জানানো সত্ত্বেও কেন্দ্রীয় বাহিনীকে সঠিকভাবে ব্যবহার করা হয়নি বলেও শমীক বাবু অভিযোগ করেন।

বিধানসভা উপনির্বাচনের এই ফলাফল জনমতের প্রতিফলন নয় বলে রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন। ২০১৬-র নির্বাচনে দল ঘুরে দাঁড়াবে বলে আজ খড়্গপুরে একটি দলীয় কার্যক্রমে যোগ দিয়ে তিনি প্রত্যয় ব্যক্ত করেন।

--------------------------

দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বৃষ্টিপাতের ব্যাপক ঘাটতির প্রেক্ষিতে কৃষিকাজে জলের যোগান অব্যাহত রাখার জন্য রাজ্য সরকার জলসেচ ব্যবস্থাকে আরো মজবুত করার উদ্যোগ নিয়েছে। সামগ্রিক পরিস্থিতি পর্যালোচনা করতে জলসম্পদ অনুসন্ধান দফতর আগামী ২২ শে জুলাই বিশেষ বৈঠক ডেকেছে। দফতরের মন্ত্রী মানস ভুঁইয়া জানান, ওই বৈঠকে বিভিন্ন জেলায় ভূগর্ভস্থ জলের বর্তমান পরিস্থিতি খতিয়ে দেখা হবে। কৃষি দফতরের সঙ্গে আলোচনা করে চাষীদের স্বার্থে কি ব্যবস্থা নেওয়া যায় তাও দেখা হবে। এ ব্যাপারে জেলাগুলির কাজ থেকে বিস্তারিত রিপোর্ট চাওয়া হয়েছে। জলসম্পদমন্ত্রী আরো জানান, রাজ্যের মোট সেচসেবিত জমির ৭৬ শতাংশে জল সরবরাহের দায়িত্ব তাঁর দফতরের। এক্ষেত্রে মোট কৃষি জমির পরিমাণ ৫৭ লক্ষ হেক্টর। বিভিন্ন বাঁধের জলাধার থেকে সেচখালের মাধ্যমে কিছু জমিতে জল পৌঁছে দেওয়া হয়। বর্তমান বৃষ্টি

ঘাটতির পরিস্থিতিতে চাষিরা যাতে কোনও সমস্যায় না পড়েন তা নিশ্চিত করতে হবে বলে মুখ্যমন্ত্রী নির্দেশ দিয়েছেন। এই নির্দেশ কার্যকর করার জন্য সবরকম ব্যবস্থা নেওয়া হবে।

--------------------------

রাজ্য সরকার, প্রধানমন্ত্রী আবাস যোজনার অসম্পূর্ণ থাকা প্রায় ১৫ হাজার বাড়ি তৈরির কাজ আগামী অগাস্ট মাসের মধ্যে শেষ করবে। রাজ্যের পঞ্চায়েত মন্ত্রী প্রদীপ মজুমদার আকাশবাণীকে জানিয়েছেন, এপর্যন্ত আবাস প্রকল্পে মোট ৩৪ লক্ষ ৬৭ হাজার ৬৫১টি বাড়ি অনুমোদন দেওয়া হয়েছে এবং টাকা প্রদান করা হয়েছে। এর মধ্যে ৩৪ লক্ষ ১১ হাজার ৯৭৭টি বাড়ির নির্মাণ কাজ সম্পূর্ণ হয়েছে। অবশিষ্ট ৫৫ হাজার ৬৭৪ টি বাড়ির মধ্যে ৪০ হাজার ৮৬৩টি বাড়ি বিভিন্ন কারণে সম্পূর্ণ করা হবে না। উপভোক্তার মৃত্যু, স্থায়ী স্থানান্তর, জমি সংক্রান্ত আইনি জটিলতা, উপভোক্তার অর্থনৈতিক কারণে অপারগতাই মূল কারণ। বাকি ১৪ হাজার ৮১১টি বাড়ির নির্মাণ কাজ এখনও অসম্পূর্ণ। তা আগামী মাসের মধ্যেই শেষ হয়ে যাবে। পঞ্চায়েত মন্ত্রী আরও জানান প্রধানমন্ত্রী আবাস যোজনায় এ রাজ্যে মোট অনুমোদিত বাড়ির ৯৮% তৈরির কাজ শেষ হয়েছে।

--------------------------

উত্তর দিনাজপুর জেলার ইসলামপুর ব্লকের শ্রীকৃষ্ণপুর এলাকায় দুই তৃণমূল কংগ্রেস নেতার গুলিবিদ্ধ হওয়ার ঘটনাকে ঘিরে চাঞ্চল্য ছড়ালো । বাপি রায় ও মোহাম্মদ সাজ্জাদ নামে দুই তৃণমূল নেতার হোটেলে গতকাল নয়- দশ জনের এক দুষ্কৃতী দল হামলা চালায়। পয়েন্ট ব্ল্যাঙ্ক রেঞ্জ থেকে গুলি চালানো হলে দুজনেই জখম হন। দুজনকেই ইসলামপুর মহাকুমা হাসপাতালে নিয়ে আসা হলে চিকিৎসকরা বাপি রায় কে মৃত বলে ঘোষণা করেন। গুরুতর আহত অবস্থায় মোহাম্মদ সাজ্জাদকে

হাসপাতালে ভর্তি করা হয়েছে। ইসলামপুর থানার পুলিশ তদন্ত শুরু করেছে। উত্তর দিনাজপুর জেলা তৃণমূল সভাপতি কানাইলাল আগরওয়াল দ্রুত দোষীদের চিহ্নিত করে শাস্তির দাবি তুলেছেন।

-------------------------

পাঁচ লক্ষ টাকা তোলা চাওয়া ও তা না পেয়ে প্রোমোটারকে বেধড়ক মারধর করার ঘটনায় পুলিশ গতকাল কলকাতার ডানলপ এলাকা থেকে অভিজিৎ মন্ডল ওরফে রাণা নামে এক দুষ্কৃতীকে গ্রেপ্তার করেছে। ওই দুষ্কৃতী কয়েকজনকে সঙ্গে নিয়ে শুক্রবার রাতে উত্তর কলকাতার সিঁথি মোড়ে এক প্রোমোটারের অফিসে ঢুকে টাকা দাবি করে। তা না পেয়ে ভাঙচুর ও মারধর শুরু করে। অফিসে রাখা দু লক্ষ টাকা ও একটি হীরের আংটি লুঠ করা হয়। গুরুতর আহত ওই প্রোমোটারকে স্থানীয় একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়েছে। প্রধান অভিযুক্ত রাণা নিজেকে এলাকার বিধায়ক তথা কলকাতা পুরসভার ডেপুটি মেয়র অতীন ঘোষের ঘনিষ্ঠ বলে দাবি করে। অতীনবাবু অবশ্য এই দাবি অস্বীকার করে বলেন, আইন মাফিক ব্যবস্থা নেওয়া হবে।

-------------------------

হাওড়ার চ্যাটার্জিহাট থানা এলাকায় সাইবার প্রতারণার শিকার, মানস কুমার দাস নামে এক ব্যক্তির দায়ের করা অভিযোগের ভিত্তিতে রাজ্য সাইবার সেল উইং ও হাওড়া সাইবার ক্রাইম উইং যৌথভাবে তদন্ত করে ১২ই জুলাই নিউটনের এক হাউজিং কমপ্লেক্স থেকে দুজনকে গ্রেপ্তার করে। ধৃত সুশীল কুমার জানা ও প্রণব প্রকাশ ভুঁইকে গতকাল হাওড়া আদালতে তোলা হলে, বিচারক সাত দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন। এই ঘটনায় ধৃতদের কাছ থেকে ১৩ টি ডেবিট কার্ড, বিভিন্ন অপরাধের সঙ্গে যুক্ত

৩৮ টি সিম কার্ড, চারটি মোবাইল ফোন, নগদ তিন লক্ষ সতের হাজার টাকা উদ্ধার হয়েছে। বাজেয়াপ্ত করা হয়েছে  দুটি চার চাকার গাড়ি।

--------------------------

স্ত্রীর সঙ্গে বিবাদের জেরে ৯ মাসের শিশুপুত্রকে আছড়ে মেরে আত্মঘাতী হয়েছেন এক ব্যক্তি। পশ্চিম বর্ধমানের দুর্গাপুর পুরসভার  ২৮ নম্বর ওয়ার্ডের সাগরভাঙা এলাকার ঐ ঘটনায় গতকাল চাঞ্চল্য ছড়ায়।  স্থানীয় বাসিন্দা, পেশায় দিনমজুর আবীর রুইদাস, গতকাল স্ত্রীর সঙ্গে বচসা চলাকালীন ঘুমন্ত সন্তান সৃজনকে  আছাড় মারে বলে অভিযোগ। গুরুতর জখম অবস্থায় প্রথমে শিশু দুটিকে দুর্গাপুর মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পরে অবস্থার অবনতি হওয়ায় বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়ার পথে শিশুটির মৃত্যু হয়। ঘটনার পর আবীর রুইদাস, রেল লাইনে ঝাঁপ দিয়ে আত্মহত্যা করে বলে পরিবার সূত্রে জানা গেছে।

--------------------------

সুন্দরবনের নদী খাঁড়িতে মাছ কাঁকড়া ধরতে যাবার বৈধ পাস BLC নিয়ে একটি পর্যালোচনা শুরু করেছে দক্ষিণ ২৪ পরগনা জেলা বনদপ্তর। বেশ কিছুদিন যাবৎ নানা মহল থেকে অভিযোগ ছিল এই বৈধ পাস ভাড়া দিয়ে লক্ষ লক্ষ টাকা রোজগার করা হচ্ছে অথচ প্রকৃত মৎস্যজীবীরা জঙ্গলে জীবিকা থেকে বঞ্চিত হচ্ছেন। রাজ্য সরকার মৎস্যজীবীদের সুরক্ষার জন্য ১৯৭২ সাল থেকে বিএলসি দেওয়া শুরু করে। দক্ষিণ 24 পরগনা জেলার উপ মুখ্য বনপাল জাস্টিন জোন্স এই বিষয়ে আকাশবাণীকে বলেন, সুন্দরবনে মাছ ধরার জন্য বৈধ পাস আছে এমন মৎস্যজীবীর সংখ্যা বর্তমানে ৬৯৩। এর বেশি মৎস্যজীবীকে এই পাশ দেওয়া সরকারিভাবে সম্ভব নয়।

বাইট জাস্টিন জোন্স।

ক্ষুদ্র ও প্রান্তিক মৎস্যজীবীদের সংগঠন দক্ষিণ বঙ্গ মৎস্যজীবী ফোরাম এই উদ্যোগকে সমর্থন জানালেও বৈধ পাস থাকার জন্য অন্য শর্তাবলীর বিরোধিতা করে সম্পাদক মিলন দাস বলেন,

বাইট মিলন দাস।

-------------------------

মরসুমের প্রথম ডার্বি জিতলো ইস্টবেঙ্গল। যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ প্রিমিয়ার ডিভিশন লীগের ম্যাচে ইস্টবেঙ্গল ২-১ গোলে মোহনবাগান সুপার জায়ান্টকে হারিয়ে দিয়েছে। বিরতিতে খেলা গোলশূন্য ছিল। ইস্টবেঙ্গলের পক্ষে পি ভি বিষ্ণু ও জেসিন টি কে গোল করেছেন। মোহনবাগানের পক্ষে সুহেল ভাট গোল করেছেন। ইস্টবেঙ্গল টানা তৃতীয় ম্যাচ জিতলো। অন্যদিকে প্রথম দুটি ম্যাচে ড্র করার পর মোহনবাগান পরাজিত হলো। উল্লেখ্য, এবার কলকাতা ফুটবল লিগের ডার্বির ১০০ বছর। দুই চিরপ্রতিদ্বন্দ্বী দলের ম্যাচকে ঘিরে ফুটবল প্রেমীদের মধ্যে উন্মাদনা ছিল তুঙ্গে।

------------------------- -------------------------